

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৯৫

পর্ব ২১: খাদ্য (ইন্স্রহান্)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَن النّعمانِ بن بشيرٍ قَالَ: أَلَسْتُمْ فِي طَعَامٍ وَشَرَابٍ مَا شِئْتُمْ؟ لَقَدْ رَأَيْتُ نَبِيَّكُمْ صلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا يَجِدُ مِنَ الدَّقَلِ مَا يَمْلَأُ بَطْنَهُ. رَوَاهُ مُسلم

বাংলা

8১৯৫-[৩৭] নু'মান ইবনু বাশীর (রাঃ) হতে বর্ণিত। তিনি (মুসলিমদের উদ্দেশে) বলেনঃ তোমরা কি সিদচ্ছাই পানাহার করছ না, অথচ আমি তোমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এমন অবস্থায় দেখেছি যে, নিম্নমানের খেজুরও এ পরিমাণ তার জুটেনি, যা তাঁর নিজ উদর পূর্ণ করতে পারে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম (২৯৭৭)-৩৪, সহীহ ইবনু হিবান ৬৩৪০, তিরমিয়ী ২৩৭২, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩২৭৫, মুসান্নাফ ইবনু আবৃ শায়বাহ্ ৩৪৩২২, সহীহুল জামি' ৮৯৭৫, ইবনু মাজাহ ৪১৪৬, মুসনাদে আবৃ ইয়া'লা ২২৩, সিলসিলাতুস সহীহাহ ২১০৬, সহীহুল জামি' ৮৯৭৫।

ব্যাখ্যা

(لَقَدْ رَأَيْتُ نَبِيَّكُمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا يَجِدُ مِنَ الدَّقَلِ مَا يَمْلَأُ بَطْنَهُ) "অবশ্যই আমি তোমাদের নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি এমতাবস্থায় যে, তিনি পেটপুরে খাবার মত নিম্নমানের খেজুর পেতেন না।" دَقَلٌ



শব্দের অর্থ নিম্নমানের খেজুর যা পরিপক্ক হওয়ার আগেই শুকিয়ে গেছে (বাংলা ভাষায় একে চিটা বলা হয়)। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন